



মোস্তাফিজ ইস্যুতে দুঃখ প্রকাশ করলেন আইপিএল চেয়ারম্যান



মোস্তাফিজ ও আইপিএল চেয়ারম্যান ধুমাল। ছবি: সংগৃহীত

বাংলাদেশি পেসার মোস্তাফিজুর রহমানকে কেকেআর থেকে বাদ দেওয়ার ঘটনায় অবশেষে প্রতিক্রিয়া জানিয়েছেন আইপিএল চেয়ারম্যান অরুণ ধুমাল। বিষয়টিকে তিনি ‘দুঃখজনক’ বলে উল্লেখ করেছেন।

গত ডিসেম্বরের নিলামে কলকাতা নাইট রাইডার্স (কেকেআর) সাড়ে ৯ কোটি রুপিতে মোস্তাফিজকে দলে নেয়। তবে এক মাসের মধ্যেই তাকে ছেড়ে দেওয়া হয়। পরে জানা যায়, ইনজুরি বা পারফরম্যান্স নয়—ভারতীয় ক্রিকেট বোর্ড (বিসিসিআই)-এর নির্দেশেই এই সিদ্ধান্ত নেয় ফ্র্যাঞ্চাইজিটি।

ফির্নাঙ্গিয়াল টাইমসকে দেওয়া সাক্ষাৎকারে ধুমাল বলেন, এ সিদ্ধান্ত নিয়ে তার বিস্তারিত জানা নেই, তবে ঘটনাটি হতাশাজনক। তিনি মনে করেন, ক্রিকেট পরিচালনায় সরাসরি সরকারি হস্তক্ষেপ থাকা উচিত নয়, যদিও বাস্তবতায় কখনও কখনও পারিপার্শ্বিক পরিস্থিতি প্রভাব ফেলে।

এ ঘটনায় প্রতিবাদ জানায় বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি)। নিরাপত্তা ইস্যু তুলে ২০২৬ টি-টোয়েন্টি বিশ্বকাপ বয়কটের ঘোষণা দেয় তারা। জানানো হয়, টুর্নামেন্ট ভারতের বাইরে সরানো হলে তবেই অংশ নেবে বাংলাদেশ।

তবে আইসিসি সেই প্রস্তাব গ্রহণ করেনি। শেষ পর্যন্ত বাংলাদেশের জায়গায় স্কটল্যান্ডকে সুযোগ দেওয়া হয়।

বর্তমানে পাকিস্তান সুপার লিগে খেলছেন মোস্তাফিজ। লাহোর কালান্দার্সের হয়ে ৬.৪৪ কোটি রুপিতে চুক্তিবদ্ধ হয়ে তিনি এখন মাঠে ব্যস্ত সময় কাটাচ্ছেন।